শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২৯.১৮-৫৫৫

তারিখঃ ১৫ কার্তিক ১৪২৬ ব.
৩১ অক্টোবর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৩৩০০/২০১৭ মামলায় ১২/১২/২০১৮ তারিখে মামনীয় আদালত কর্তৃক প্রদত্ত রায়/আদেশের বিরুদ্ধে সিপিএলএ দায়ের সংক্রান্ত।

সূত্র: (১) ডিটিই'র স্মারক নং-কাশিঅ/এমপিও/সভা/২০১৩/৪৮৯, তারিখ: ২৯/০৫/২০১৭ খ্রি.
(২) রিট পিটিশন নং-১৩৩০০/২০১৭ মামলার ১২/১২/২০১৮ তারিখের রায়/আদেশ।
(৩) আহসান নগর কারিগরি এবং বিএম কলেজের স্মারক নং- আকাক ২০১৯/৩৭, তারিখ: ২৯/৭/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন আহসান নগর কারিগরি এবং ব্যবসায় ব্যাবস্থাপনা কলেজের সহকারী লাইব্রেরীয়ান, জনাব মো: মাসুম রানা বাবুল ও টাইপিং ল্যাব সহকারী জনাব মোসা: সাহানারা পারভীন এর নাম এমপিওভুক্ত করার জন্য দাখিলকৃত কাগজ পত্রাদি অসম্পুর্ণ/ত্রুটিপূর্ণ থাকায় এ পর্যায়ে (কতিপয় প্রতিষ্ঠানের) আবেদনকারীদের এমপিও প্রদানের বিষয় বিবেচনা করা গেলনা মর্মে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে সূত্রোক্ত (১) স্মারকমূলে অফিস আদেশ জারী করা হয়।

২। বর্ণিত অফিস আদেশের ৬ ও ৮ নং ক্রমিকে পিটিশনারদ্বয়ের নামের বিপরীতে **"১৯৯৫ জনবল কাঠামো অনুযায়ী ২০০৩ সালে নিয়োগ। ২০১০ জনবল কাঠামো অনুযায়ী পদটি বিলুপ্ত"** মর্মে উল্লেখ রয়েছে। উক্ত স্মারকের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে জনাব মো: মাসুম রানা বাবুল গং (০২ জন) কর্তৃক পিটিশনার হয়ে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-১৩৩০০/২০১৭ দায়ের করা হয়।

৩। রিট পিটিশন নং-১৩৩০০/২০১৭ মামলায় মাননীয় আদালত কর্তৃক সূত্রোক্ত (২) মূলে গত ১২/১২/২০১৮ তারিখে প্রদত্ত রায়/আদেশের অংশবিশেষ নিম্নরূপ-

"In the result, the Rule is disposed of. The respondents are directed to enlist the name of the petitioners in the Monthly Pay order and release the government portion of salary (MPO) with arrear and other service benefit, if any within 1 (one) month from the date of receipt of this judgment and order without any fail."

৪। রিট মামলার উল্লিখিত রায়/আদেশে পিটিশনারদ্বয়ের বকেয়াসহ এমপিওভুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে উক্ত বাস্তবায়নের নিমিত্ত পিটিশনারদ্বয়ের প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সূত্রোক্ত (৩) নং পত্রমূলে সচিব, টিএমইডি বরারব আবেদন করা হয়েছে। এমপিওভুক্তির সাথে সরকারের আর্থিক সংশ্লেষ রয়েছে বিধায় রিট মামলার উক্ত রায়ের বিরুদ্ধে আপীল দায়ের হওয়া আবশ্যক।

৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৩৩০০/২০১৭ মামলায় মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত গত ১২/১২/২০১৮ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে সিপিএলএ দায়ের করা হয়েছে কিনা দায়ের করা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্য এবং সিপিএলএ দায়ের না হয়ে থাকলে সিপিএলএ দায়েরক্রমে (প্রমাণকসহ) তথ্যাদি আগামি ১৪/১১/২০১৯ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

৩১/১০/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অধ্যক্ষ, আহসান নগর কারিগরি এবং ব্যবসায় ব্যাবস্থাপনা কলেজ, রিফাইতপুর, উপজেলা- দৌলতপুর, জেলা- কুষ্টিয়া।
৬। অফিস কপি/মাস্টার কপি।

F:\Akram Work\Letter-2017-18.docx